

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৯৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ লোকের বাহ্যিক অবস্থা ও কার্যকলাপের ভিত্তিতে বিধান প্রয়োগ করা হবে এবং তাদের আভ্যন্তরিক অবস্থা আল্লাহকে সঁপে দেওয়া হবে

আববী

وَعَن عَبْدِ اللهِ بْنِ عُتْبَةَ بْنِ مَسعُوْدٍ قَالَ: سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ يَقُوْلُ: إِنَّ نَاسًا كَانُوا يُوْخَذُونَ بِالوَحْيِ فِي عَهْدِ رَسُولِ الله عَلَيْ وَإِنَّ الوَحْيَ قَدِ انْقَطَعَ وإِنَّمَا نَاخُذُكُمُ لَانَا بَوْخَذُونَ بِالوَحْيِ فِي عَهْدِ رَسُولِ الله عَلَيْ وَإِنَّ الوَحْيَ قَدِ انْقَطَعَ وإِنَّمَا نَاخُذُكُمُ الْآنَ بِمَا ظَهَرَ لَنَا مِنْ أَعْمَالِكُمْ فَمَنْ أَظْهَرَ لَنَا خَيْراً أُمَّنَّاهُ وَقَرَّبْنَاهُ وَلَيْسَ لَنَا مِنْ سَرِيرَتِهِ شَيْء اللهُ يُحَاسِبُهُ فِي سَرِيرَتِهِ وَمَنْ أَظْهَرَ لَنَا سُوءًا لَمْ نَامَنْهُ وَلَمْ نُصَدِقُهُ وَإِنْ قَالَ: إِنَّ سَرِيرَتِهِ وَمَنْ أَظْهَرَ لَنَا سُوءًا لَمْ نَامَنْهُ وَلَمْ نُصِدِقَهُ وَإِنْ قَالَ: إِنَّ سَرِيرَتِهِ وَمَنْ أَظْهَرَ لَنَا سُوءًا لَمْ نَامَنْهُ وَلَمْ نُصِدِقَهُ وَإِنْ قَالَ: إِنَّ سَرِيرَتَهُ حَسَنَةٌ رواه البخاري

বাংলা

(৩৫৯৩) আব্দুল্লাহ ইবনে উত্থাহ ইবনে মাসউদ বলেন, আমি উমার ইবনে খাত্তাব (রাঃ) কে বলতে শুনেছি, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর যুগে কিছু লোককে অহী দ্বারা পাকড়াও করা হত। কিন্তু অহী এখন বন্ধ হয়ে গেছে। (সুতরাং) এখন আমরা তোমাদের বাহ্যিক কার্যকলাপ দেখে তোমাদেরকে পাকড়াও করব। অতঃপর যে ব্যক্তি আমাদের জন্য ভাল কাজ প্রকাশ করবে, তাকে আমরা নিরাপত্তা দেব এবং তাকে আমরা নিকটে করব। আর তাদের অন্তরের অবস্থার সাথে আমাদের কোন সম্পর্ক নেই। আল্লাহই তার অন্তরের হিসাব নেবেন। আর যে ব্যক্তি আমাদের জন্য মন্দ কাজ প্রকাশ করবে, তাকে আমরা নিরাপত্তা দেব না এবং তাকে সত্যবাদীও মনে করব না; যদিও সে বলে আমার ভিতর (নিয়াত) ভাল।'

ফুটনোট

(বুখারী ২৬৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইবেরী



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন